

## একটি পরিবার তাদের গৃহে প্রভু যীশুর উপাসনা করে

শিশুদের শেখানোর যে কোন একটি ক্রিয়াকলাপ এইগুলির থেকে বাছুন।

**প্রার্থনা :** “প্রিয় প্রভু, দয়া করে বিশ্বাসীদের সাহায্য কর যাতে তারা তাদের বাড়ীতে মানুষকে একত্রিত করতে পারে, তাদের যীশুর কথা বলতে পারে এবং তোমার উপাসনা করে।”

এখন একজন অপেক্ষাকৃত বড় ছেলে বা মেয়ে অথবা শিক্ষক প্রেরিত ১৬ঃ২২-৩৬ পদ থেকে ফিলিপীয় কারারক্ষকের গল্পটি পড়বে বা মুখস্থ বলবে।



গল্পটিবলার পর, এই প্রশ্নগুলি করুন। (প্রতিটি প্রশ্নের পর উত্তর দেওয়া আছে)

- পৌল ও সীলের প্রতি শাসনকর্তারা কিরূপ আচরণ করেছিলেন? (২৩-২৪ পদ)
- জেলের মধ্যে মধ্যরাত্রে পৌল ও সীল কি করছিলেন? (২৫ পদ)
- কেন কারারক্ষী নিজেকে হত্যা করতে চেয়েছিল? (২৬-২৭ পদ)
- কিভাবে কারারক্ষী তার নিজের ও পরিবারের জন্য পরিত্রান লাভ করেছিল? (৩১ পদ)
- রাত্রির কোন প্রহরে কারারক্ষী ও তার পরিবার বাপ্তিস্ম গ্রহণ করেছিল? (২৫ এবং ৩২-৩৪ পদ)

কারারক্ষী ও তার পরিবার গল্পটির অংশবিশেষ নাটকে পরিণত করুন।

- আপনি, মূল উপাসনার নেতার সঙ্গে মিলে এই ছোট নাটিকাটি প্রদর্শনের জন্য ছেলেমেয়ে যোগাড় করুন।
- নাটকটি প্রস্তুতির জন্য ছেলেমেয়েদের সঙ্গে সময় দিন। আপনাকে গল্পটির সমস্ত অংশ নিতে হবে না।
- অপেক্ষাকৃত বড় ছেলেমেয়েরা নাটকটি প্রস্তুতির জন্য ছোট ছেলেমেয়েদের সাহায্য করবে।
- অপেক্ষাকৃত বড় ছেলেরা বা প্রাপ্তবয়স্করা এই অংশগুলি অভিনয় করুকঃ

পৌল।

কারারক্ষী। দুটো চেন বোঝাতে তার যোগাড় করুন এবং তরবারী বোঝাতেও কিছু একটা জোগাড় করুন।

বর্ণনাকারী। গল্পটি সংক্ষিপ্ত করবে। পাথর অথবা বইয়ের গাদা তৈরী করবে টেবিলের এক কোণে।


- অপেক্ষাকৃত ছোট ছেলেমেয়েরা সীল, শাসনকর্তা, বন্দী ও কারারক্ষকের পরিবারের চরিত্রে অভিনয় করুক।

বর্ণনাকারীঃ গল্পটির প্রথম পর্ব প্রেরিত ১৬ঃ২২-২৮ পদ থেকে বলুন। তারপর বলুন, “শুনুন শাসনকর্তা কি বলছে।”

শাসনকর্তাঃ “কারারক্ষক! পৌল ও সীলকে জেলে বন্দী করে রাখুন। তাদের বেত্রাঘাত করুন। সযত্নে তাদের পাহারা দিন।”

- কারারক্ষক : তাদের পা শিকল দিয়ে জড়িয়ে দিয়ে (শিকলের মুখ বন্ধ করবেন না)। এরপর বলুন, “তাদের শিকল দিয়ে বেঁধে ভিতরের কাঁচা গারে রাখব এবং আমার জীবন দিয়ে তাদের পাহাড়া দেব।”
- পৌল ও সীল : একটি টেবিলের নীচে বসল এবং একটি গান গাইতেও লাগল।
- কারারক্ষক : “ভূমিকম্প!” (টেবিলটাকে নাড়াল যাতে পাথর বা বইগুলো পড়ে যায়)।
- পৌল ও সীল : শিকলগুলো খুলুন ও উঠে দাঁড়ান।
- বন্দীরা : “আমরা এখন মুক্ত। কারাগারের দরজাগুলি খুলে গেছে।”
- কারারক্ষক : তরবারী উচিয়ে, বললেন, “ওহ না! বন্দীরা সব পালিয়েছে নিশ্চয়। আমি অবশ্যই নিজেকে মেরে ফেলব!”
- পৌল : টেঁচিয়ে, “না, মহাশয়! নিজেকে হত্যা করবেন না। আমরা সবাই এখানে আছি!”
- বর্ণনাকারী : গল্পটির দ্বিতীয় পর্ব প্রেরিত ১৬ঃ২৯-৩৩ পদ থেকে বলুন। এরপর বলুন, “শুনুন কারারক্ষক কি বলছেন।”
- কারারক্ষক : “আলো নিয়ে এস! আমি পৌল ও সীলকে দেখতে চাই।” এরপর পৌল ও সীলের সামনে হাঁটু মুড়ে বসে সশব্দে জিজ্ঞাসা করুন, “পরিব্রাজ্যের জন্য আমাকে কি করতে হবে?”
- পৌল : “যীশু খ্রীষ্টে বিশ্বাস করুন এবং এতে আপনি ও আপনার পরিবার পরিব্রাজ্য পাবেন।”
- কারারক্ষকের পরিবার : “আমরাও যীশুকে বিশ্বাস করতে চাই।”
- কারারক্ষক : “দয়া করে আমাকে আপনার ক্ষতস্থান পরিষ্কার করতে দিন। তারপর আমরা সবাই আজ রাতেই বাপ্তিস্ম গ্রহণ করব।”
- বর্ণনাকারী : গল্পটির তৃতীয় পর্ব প্রেরিত ১৬ঃ৩৪-৩৬ পদ থেকে বলুন। এরপর বলুন, “শুনুন কারারক্ষক পৌল ও সীলকে কি বলেছিলেন।”
- কারারক্ষক : “আমি আনন্দে পরিপূর্ণ হয়েছি কারণ আমার পুরো পরিবার বিশ্বাসী হয়েছে এবং বাপ্তিস্ম গ্রহণ করেছে। আসুন আপনাদের জন্য আমার বাড়িতে খাদ্য প্রস্তুত করেছি।”
- শাসনকর্তা : টেবিলের উপরতলে টোকা দিয়ে বললেন, “সুপ্রভাত, কারারক্ষক। আপনি পৌল ও সীলকে এখন মুক্ত করতে পারেন।”
- কারারক্ষক : “ভাইরা, আমাদের পরিবারে প্রভু যীশুর সুসমাচার আনার জন্য ধন্যবাদ। শান্তিতে প্রস্থান করুন।”
- বর্ণনাকারী বা বড় শিশু : যখন নাটক শেষ হয়ে যাবে তখন যারা সাহায্য করেছেন তাদের ধন্যবাদ দেবেন।
- প্রশ্ন : যদি ছোট ছেলে মেয়েরা বড়দের জন্য নাটকটি উপস্থাপন করে, তাহলে তারাও উপরের আপনার উত্তর দেওয়া প্রশ্নগুলি করতে পারে।
- ছেলেমেয়েদের জিজ্ঞাসা করুন : আমাদের নিজের ঘরে ঈশ্বরের আরাধনা ও সেবা করার কি পথ আছে?

আপনাদের শহরে বা গ্রামে যে ধরনের বাড়ী বেশী আছে সেই ধরনের বাড়ীর একটি সহজ ছবি আঁকুন। এরপর ছেলেমেয়েরা দেখে দেখে সেই ছবি আঁকবে এবং উপাসনার সময় বড়দের দেখাবে এবং ব্যাখ্যা করে বলবে যে আমরা ঈশ্বরের আরাধনা বাড়ীতে বা যে কোন জায়গায় করতে পারি।



মুখস্থ পদঃ যোহন ৪ঃ২৪ পদ

কবিতা। এখন তিনজন ছেলেমেয়ে প্রত্যেকে দুটি করে পদ মুখস্থ করে বলবে গীতসংহিতা ১৩৬ঃ১-৬ থেকে। পুরো দলকে বলুন প্রত্যেক বাক্যের শেষে বলতে, “তঁাহার দয়া অনন্তকালস্থায়ী।”

অপেক্ষাকৃত বড় ছেলেমেয়েরা বাড়ীতে উপাসনার সভার উপর কবিতা বা গান লিখবে।

প্রার্থনা ঃ “প্রিয় প্রভু, যে কোন জায়গায়, যে কোন সময় আমরা তোমায় আরাধনা করতে পারি, তার জন্য তোমার ধন্যবাদ করি। এটা কোন সমস্যা নয় যদি আমরা খুব ছোট দল হই। ধন্যবাদ দিই যে তুমি আমাদের সমগ্র পরিবারকে তোমার কাছে এনেছো। আমাদের সাহায্য কর যেন আমরা সম্পূর্ণ হৃদয় দিয়ে তোমার আরাধনা করতে পারি।”

**If you teach children and have not yet read P-T study  
Guidelines for Children's Teachers, A0b, please do so now.**

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from [www.Paul-Timothy.net](http://www.Paul-Timothy.net)